তিনি আমাদের জানান কর্ণমনি পাড়া জনপদটি একটি প্রাচীন উপজাতি অধ্যুষিত অঞ্চল। এই জনপদের অধিকাংশ নাগরিক রিয়াং সম্প্রদায় ভুক্ত। তিনি আমাদের জানান রিয়াং জনজাতির সামাজিক রীতি-নীতি গুলি এই অঞ্চলের নাগরিকরা সবাই মিলে পালন করে থাকেন। আধুনিকতার আগ্রাসনে রিয়াং সমাজে এই রীতি-নীতি গুলির কিছুটা পরিবর্তন এসেছে।

তিনি আমাদের বলেন এই অঞ্চলটি আগে আরও অরণ্যে আচ্ছাদিত ছিল। বর্তমানে এখানে বন্যশূকর, বাঘদাশ, বন্য মোরগ, মাঝে মধ্যে হরিণ দেখতে পাওয়া যায়।আগে এই অঞ্চলে হাতি, বাঘ, বনরুই ইত্যাদি ছিল।

তিনি আমাদের জানান আগে তারা জুম চাষে সবাই মিলে যেতেন এবং জুমে বিভিন্ন ফসল ফলাতেন। তিনি বলেন এখন বার্ধক্য জনিত কারনে জুম চাষে যেতে পারেন না।

তেতুইয়া বি.এম.সির একজন বয়স্ক মহিলার স্ব-চিত্র ও তথ্য

GPS location-

শ্রীযুক্ত বুজিরাম রিয়াং *N23⁰-45`-99.7``*

বয়স- ৯০ বৎসর *E091⁰-50`-596``*

উপরের ছবিটি তেতুইয়া বি.এম.সি-র শ্রীযুক্তত বুজিরাম রিয়াং মহাশয়ের। বর্তমানে ওনার বয়স ৯০ বৎসর । উনার এক ছেলে ও চারজন নাতি নাতনী নিয়ে উনার পরিবারের লোকসংখ্যা ৭ জন। উনার

সাথে আলোচনা করে আমরা জানতে পারি যে তেতুইয়া ভিলেজটি সম্পূর্ন জুমিয়ার অর্থনীতির উপর নির্ভরশীল। এক দশক আগেও এই অঞ্চলে প্রচুর হাতি ছিল,এখন নাই বল্লেই চলে। হরিণের সংখ্যা আগের তুলনায় অনেক কমে গিয়েছে। ওনি আরো বলেন পাহাড়ে আগে ময়না, চিল, ঘুঘু, টিয়া, তোঁতা প্রচর পরিমানে ছিল। এখন খুব কম দেখা যায়। তেতুইয়া ছড়াতে প্রচুর কচ্ছপ পাওয়া যেত বর্তমানে অনেক কমে গিয়েছে।

আগে এই অঞ্চলে প্রচুর মুলি, ডলু, রুপাই, পাওরা বাঁশ পাওয়া যেত, বর্তমানে বাঁশের পরিমান আগের তুলনাই কমে গেছে।

চাকমাপাড়া বি.এম.সির বয়স্ক মহিলা ব্যক্তিত্বের স্-চিত্র ও তথ্য

GPS location- N-23⁰-47`-006``

E-091⁰-50`-590``

শামতি কর্নবতি ত্রিপুরা

বয়স - ৯৭ বৎসর

উপরের ছবিটি চাকমাপাড়া বি.এম.সির মালদা পাড়ার নিবাসী শ্রীমতি কর্নবতি ত্রিপুরার ওনার স্বামীর নাম মৃত কেংকই ত্রিপুরা। বর্তমানে ওনার বয়স ৯৭ বৎসর। ওনার ৪ ছেলে ২ মেয়ে ছিল ১ মেয়ে মারা গিয়াছে এখন ৪ ছেলে ১ মেয়ে। বর্তমানে উনি দ্বিতীয় ছেলের কাছে থাকেন। ওনার দ্বিতীয় ছেলে এখন আমবাসা-গন্ডাছড়া রাস্তায় ১০ মাইল নামক স্থানে থাকেন। অন্য ছেলেরা মালদা পাড়ায় থাকেন। বয়সের কারনে এখন আর স্বাভাবিক চলাফেরা করতে পারেন না, কানেও কম শুনেন। অতীতের কথা বলতে গিয়ে বলেন যে লংতরাই পাহাড়ের শিখরের গ্রামটিতে ঘনজঙ্গল ছিল, ছিল প্রচুর বন্যপ্রানী উনিও বাঘ, ভাল্লুক, হাতি, রামকুকুর, বিষধর সাপ, অজগর স্বচোখে দেখেছেন। আবহাওয়া এত উষ্ণ ছিল না, প্রচুর বৃষ্টি পাত হতো, জুমে ফলতো প্রচুর ফলন, ছড়াগুলিতে প্রতিনিয়ত ঝর্ণার জল গড়িয়ে পড়তো বহু ঝর্ণার মৃত্যু হয়েছে। ছড়াগুলোতে প্রচুর মাছ পাওয়া যেত এখনতো প্রায় সব কিছু হারিয়ে গিয়েছে। আগামী দিনগুলোতে যে কি ভয়ঙ্কর অবস্া হবে তা বুঝে উঠতে পারছেন না।

কর্মপাড়া বি.এম.সির বয়স্ক ব্যক্তিত্বের স্ব-চিত্র ও তথ্য

GPS location-

N-23^0-46`-585``

E-091^0-48`-204``

শা লিখিরায় রিয়াং

বয়স - ৮৭ বৎসর

উপরের ছবিটি কর্মপাড়া বি.এম.সির একজন বয়স্ক ব্যক্তিত্ব শ্রী লিখিরায় রিয়াং এর ওনার পিতার নাম কাপুইহা রিয়াং । বর্তমানে ওনার বয়স ৮৭ বৎস দীর্ঘ ৫০ বৎসর এই গ্রামে বসবাস করিতেছেন। জন্ম গোমতি জেলার অম্পিতে ছিল। জুমচাষ ও জীবিকার সুবিধার্তে এখানে আসেন। বর্তমানে বয়সের ভারে খুব বেশী চলা ফেরা করতে পারেন না। ওনারা যখন প্রথম এই গ্রামে আসেন এখানে কোন রাস্া-ঘাট ছিল না, ছিল ২-৪ ঘর জুমিয়া। এখানে আশপাশ এলাকায় কোন সমতল ভূমি নেই, গভীর অরন্য ছিল, ছিল প্রচুর বন্য জন্তু। সন্ধ্যার সাথে সাথে ঘর বন্ধী হয়ে থাকতে হতো এবং উঁচু টং ঘরে রাতের বেলায় আগুন জ্বালিয়ে থাকতে হতো, আশে পাশে কোন বাজার হাঁট ছিলনা দীর্ঘ ২৫ কিমি পায়ে হেঁটে ছড়ায় ছড়ায় তেলিয়ামুড়া যেতে হতো এবং প্রয়োজনীয় সামগ্রী সংগ্রহ করতে হতো। বিনা চিকিৎসায় বহুলোক মারা যেতে দেখেছেন। ১৯৫১ সালেন তুফান ও দ্বিতীয় বিশ্ব যুদ্ধের যুদ্ধ জাহাজের আনাগোনা দেখেছেন।

অতীতের কথা বলতে গিয়ে এও বলেন যে, প্রচুর বৃষ্টিপাত হতো, জুমে ফলতো প্রচুর ফসল, গ্রামের ছড়া গুলিতে পাওয়া যেত প্রচুর মাছ সবকিছু এখন কমতির পথে।

রাধারাম বাড়ী বি.এম.সির বয়স্ক ব্যক্তিত্বের স্ব-চিত্র ও তথ্য

GPS location- N 23^0-42`-582``

E-091^0-49`-485``

শ্রী পুসিনজয় রিয়াং
বয়স - ৮৮ বৎসর

উপরের ছবিটি রাধারাম বাড়ীর মনিরাম পাড়ার বয়স্ক ব্যক্তি শ্রী পুসিনজয় রিয়াং ওনার পিতার নাম মৃত বিজয়লা রিয়াং। বর্তমানে ওনার বয়স ৮৮ বৎসর। পূর্বে উনি আর এফের ভিতরে সদাইহাম পাড়ায় ছিলেন। উগ্রবাদীদের অত্যাচারে গ্রাম ছেড়ে বর্তমানে এই মনিরাম পাড়ায় থাকেন। বার্ধক্য জনিত কারনে চলাফেরা সীমিত। অতীতে জীবিকার জন্য প্রচন্ড পরিশ্রম করতে হতো। জুমচাষ ছিল প্রধান জীবিকা তখনকার দিনে সেখানে কোন রাস্া-ঘাট, বিদ্যালয়, হাট বাজার ছিলনা তাই লিখাপড়া জানেন না বা শিখার সুযোগ হয় নাই। বাজার ছিল প্রায় ৩৫ কিমি দূরে ছড়া পথে মাসে ১ বার কি ২বার বাজারে যেত তাও নুনা ছড়ায় বাঁশের চালি বেঁধে পুরো দিন চলে যেত। অতীতের কথা বলতে গিয়ে বলেন যে, তখন কার দিনে এত গরম পড়তো না প্রচুর বৃষ্টিপাত হতো, জুমে প্রচুর ফলন ফলতো, ছড়াগুলোতেও প্রচুর মাছ পাওয়া যেত। বনে ছিল বহু মূল্যবান গাছ গাছালি বহুকিছ্ হারিয়ে গিয়াছে নিজ অভিজ্ঞতায় বুঝতে পারছেন।

রাধারাম বাড়ী বি.এম.সির অপর এক বয়স্ক ব্যক্তিত্বের স্ব-চিত্র ও তথ্য

GPS location-
N-23^0-43`-112``
E-091^0-49`-523``

শ্রী সূর্য্যমনি রিয়াং
বয়স - ৯৭ বৎসর

উপরের ছবিটি রাধারামবাড়ীর শ্রী সূর্য্যমনি রিয়াং ওনার পিতার নাম মৃত হামফাইহা রিয়াং। রাধারামবাড়ীর রামকালী বাড়ীর বাসিন্দা ওনার বয়স ৯৭ বৎসর। পূর্বে ওনি আরো ভিতরে সদাই হাম পাড়ায় ছিলেন পাড়াটিও এই ভিলেজের মধ্যে ছিল সেখান থেকে সরে আসার কারন ছিল উগ্রবাদীদের অত্যাচার। কানে কম শুনেন চোখেও কম দেখেন। সেখানে ওনাদের জীবন জীবিকা ছিল জুম চাষ, প্রচন্ড প্রতিকুল পরিবেশ ছিল। ছিল বন্যজন্তু-জানোয়ারের অত্যাচার। জুমচাষে বেশকম ৪-৫ মাসের খাওয়ার জোগান হতো বাকী সময় বাঁশ কাটিয়ে চালা বেঁধে নুনাছড়া হয়ে খোয়াই নদী দিয়ে তেলিয়ামুড়ায় বিক্রি করতো। তখনকার দিনে ছিলনা রাস্া-ঘাট, হাট-বাজার, স্কুল, স্বাস্থ্য পরিসেবা এবং বিদ্যুৎ। অসুখ বিসুখে স্থানীয় বৈদ্যরা গাছ গাছালি দিয়ে রোগ মুক্তির চেষ্টা করতো। স্মরনীয় ঘটনা হলো একবার ওনি যখন জুম বাড়ীতে ছিলেন একটি হাতির

দল ওনার ধানের ব্যাপক ক্ষতি করে এবং টংঘরটা ভেঙ্গে দিয়ে যাওয়ার পথে ওনার পালা একটি শূকরকে মেরে দিয়ে যায়।

সিদ্ধাপাড়া বি.এম.সির একজন বয়স্ক ব্যক্তিত্বের স্ব-চিত্র ও তথ্য

GPS location-

N 23^0-41`-569``

E-091^0-50`-081``

শ্রী হরিচন্দ্র রিয়াং

বয়স - ৯৯ বৎসর

উপরের ছবিটি সিদ্ধা গ্রামের বয়স্ক ব্যক্তি শ্রী হরিচন্দ্র রিয়াং ওনার পিতার নাম মৃত অহিকরাই রিয়াং। বর্তমানে ওনার বয়স ৯৯ বৎসর। ওনার ৩ ছেলে ৩ মেয়ে ছিল, ১ ছেলে ১ মেয়ে মারা যায়। ওনার স্ত্রীও পরলোকগত, ছেলে ও মেয়েদের বাড়ীতে পালা করে থাকে, চলাফেরা একটু একটু করেন চোখে কম দেখেন কানেও কম শুনেন। ১৯৭৬ সাল থেকে এ গ্রামে স্থায়ীভাবে বসবাস শুরু করেন, তার পূর্বে জুম চাষের জন্য আঠারোমুড়া ও লংতরাই পাহাড়ে ঘুরে ফিরে থাকতো। পাট্রায় জমি পান। বয়স্ক ভাতা দিয়ে কোন প্রকার বেঁচে আছেন।

অতীতের কথা বলতে গিয়ে বলেন যে লংতরাই-আঠারমুড়া পাহাড় ছিল ঘন জঙ্গলে ভরা প্রচুর বন্যজন্তু-জানোয়ার ছিল তাদের সঙ্গে লড়াই করে থাকতে হতো।

প্রচুর পাহাড়ী ঝর্ণা ছিল যেগুলি ধলাই ও খোয়াই নদীকে পরিপূর্ণ করে রাখতো। বর্তমানে বহু ঝর্ণা শুকিয়ে গিয়াছে। অতীতে প্রচুর বৃষ্টিপাত হতো, জুমে ফলতো প্রচুর ফসল, ছড়াগুলিতে প্রচুর মাছ পাওয়া যেত। জৈব বৈচিত্র্যের বিলুপ্তি হওয়াটা অভিজ্ঞতায় বুঝতেছেন এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্যও ভাবনা করেন যে এভাবে চলতে থাকলে মহা সংকটে পড়তে হবে।

৬.২ বি.এম.সির বয়স্ক ব্যক্তিত্বের চিত্র ও তথ্য ঃ

গঙ্গানগর বি.এম.সির একজন বয়স্ক ব্যক্তির স-চিত্র ও তথ্য

শ্রী সম্ভুরাম রিয়াং
বয়স- ৯০ বৎসর

GPS location- N 23^0-46`-228``
E-091^0-50`-450``

উপরের ছবিটি শ্রী সম্ভুরাম রিয়াং মহাশয়ের। বর্তমানে ওনার বয়স ৯০ বৎসর।ওনার নাম অনুসারে সম্ভুরাম চৌধুরী পাড়া ।পূর্বে এই পাড়ার লোকজন এক জায়গা থেকে অন্য জায়গায় জুমচাষের জন্য ঘুরে বেড়াতো। বিগত ৫০ বৎসর যাবৎ তারা স্থায়ীভাবে বসবাস করিতেছে। অধিকাংশ লোক এখরও জুমচাষের উপর নির্ভরশীল এবং অতি দরিদ্র। ওনার সাথে আলোচনায় জানা যায় পূর্বে এই গ্রামটি জৈব বৈচিত্রে ভরপুর ছিল এখনও বহুকিছু আছে,এখনও জুমে বহু শাক্ সবজী্ চাষ করা হয় যেমন-

ধান-গিলং,বেতী,আছমা,গারো,জুম মালতী,বরো বাইদ্যা, কুপরু, কুসং, কাঞ্চনী, মধুমালতী, মাইওয়াছা, মাইমি, ওয়াতলাত, তিপ্রা মাইমি, মালিয়া, চিনাল, সালুমা ইত্যাদি।

সবজী্-চাকমা (কুমড়া), খাক্লু (চালকুমড়া), চিঙ্গ(ঝিঙ্গা), মরুইমা (ঢেরশ), কেচোরা (কামরাঙ্গা), স্পাই, (বরবটি), পন্মক (বেগুন), কাংলা (করলা), থাপি (গোলকচু), ফ্র(তরই) থার্ম (ছড়া), দ্রমাই (শশা), মুনথাই (চিনার), সুনথাই (চিনার), খুইলং (লাউ)

বাঁশ- ওয়ারনা (মৃত্তিঙ্গা), ওয়ামলি (রুপাই), ওয়াক্লু (ডলু), ওয়ারথই (মূলি), ওয়ারসুর (বরাক)

ফল -থাইচুয়া (কমলারমত), আকাউ (কাউ), থাইবাই, বুইবই, খল্ক (বাদামজাতিয়)

মাছ- আফারমা, আছুর, কাচিম, আরাত ইত্যাদি।

কর্ণমনি পাড়া বি.এম.সির একজন বয়স্ক মহিলার স্ব-চিত্র ও তথ্য

শ্রীমতি আইচুতী রিয়াং

বয়স ঃ- ৮৭ বৎসর

উপরের ছবিটি কর্ণমনি পাড়া বি.এম.সি-র বয়স্ক ব্যক্তি শ্রীমতি আইচুতী রিয়াং মহাশয়ার। বর্তমানে ওনার বয়স ৮৭ বছর। ওনার ৭ ছেলে ও ২ মেয়ে সহ নাতি নাতনীর সংখ্যা ২৬ জন। আলোচনাক্রমে তিনি আমাদের জানান চোখের অসুবিধা ছাড়া তার আর কোনো শারীরিক অসুবিধা নেই।

তিনি আমাদের জানান কর্ণমনি পাড়া জনপদটি একটি প্রাচীন উপজাতি অধ্যুষিত অঞ্চল। এই জনপদের অধিকাংশ নাগরিক রিয়াং সম্প্রদায় ভুক্ত। তিনি আমাদের জানান রিয়াং জনজাতির সামাজিক রীতি-নীতি গুলি এই অঞ্চলের নাগরিকরা সবাই মিলে পালন করে থাকেন। আধুনিকতার আগ্রাসনে রিয়াং সমাজে এই রীতি-নীতি গুলির কিছুটা পরিবর্তন এসেছে।

তিনি আমাদের বলেন এই অঞ্চলটি আগে আরও অরণ্যে আচ্ছাদিত ছিল। বর্তমানে এখানে বন্যশূকর, বাঘদাশ, বন্য মোরগ, মাঝে মধ্যে হরিণ দেখতে পাওয়া যায়।আগে এই অঞ্চলে হাতি, বাঘ, বনরুই ইত্যাদি ছিল।

তিনি আমাদের জানান আগে তারা জুম চাষে সবাই মিলে যেতেন এবং জুমে বিভিন্ন ফসল ফলাতেন। তিনি বলেন এখন বার্ধক্য জনিত কারনে জুম চাষে যেতে পারেন না।

তেতুইয়া বি.এম.সির একজন বয়স্ক মহিলার স্ব-চিত্র ও তথ্য

GPS location-

শ্রীযুক্ত বুজিরাম রিয়াং *N(23^0-45`-99.7``*

বয়স- ৯০ বৎসর *E091^0-50`-596``*

উপরের ছবিটি তেতুইয়া বি.এম.সি-র শ্রীযুক্তত বুজিরাম রিয়াং মহাশয়ের। বর্তমানে ওনার বয়স ৯০ বৎসর । উনার এক ছেলে ও চারজন নাতি নাতনী নিয়ে উনার পরিবারের লোকসংখ্যা ৭ জন। উনার সাথে আলোচনা করে আমরা জানতে পারি যে তেতুইয়া ভিলেজটি সম্পূর্ন জুমিয়ার অর্থনীতির উপর নির্ভরশীল। এক দশক আগেও এই অঞ্চলে প্রচুর হাতি ছিল,এখন নাই বল্লেই চলে। হরিণের সংখ্যা আগের তুলনায় অনেক কমে গিয়েছে। ওনি আরো বলেন পাহাড়ে আগে ময়না, চিল, ঘুঘু, টিয়া, তোঁতা প্রচুর পরিমানে ছিল। এখন খুব কম দেখা যায়। তেতুইয়া ছড়াতে প্রচুর কচ্ছপ পাওয়া যেত বর্তমানে অনেক কমে গিয়েছে।

আগে এই অঞ্চলে প্রচুর মুলি, ডলু, রুপাই, পাওরা বাঁশ পাওয়া যেত, বর্তমানে বাঁশের পরিমান আগের তুলনাই কমে গেছে।

চাকমাপাড়া বি.এম.সির বয়স্ক মহিলা ব্যক্তিত্বের স্ব-চিত্র ও তথ্য

GPS location- N-23^0-47`-006``

E-091^0-50`-590``

শামতি কর্নবতি ত্রিপুরা

বয়স - ৯৭ বৎসর

উপরের ছবিটি চাকমাপাড়া বি.এম.সির মালদা পাড়ার নিবাসী শ্রীমতি কর্নবতি ত্রিপুরার ওনার স্বামীর নাম মৃত কেংকই ত্রিপুরা। বর্তমানে ওনার বয়স ৯৭ বৎসর। ওনার ৪ ছেলে ২ মেয়ে ছিল ১ মেয়ে মারা গিয়াছে এখন ৪ ছেলে ১ মেয়ে। বর্তমানে উনি দ্বিতীয় ছেলের কাছে থাকেন। ওনার দ্বিতীয় ছেলে এখন আমবাসা-গন্ডাছড়া রাস্তায় ১০ মাইল নামক স্থানে থাকেন। অন্য ছেলেরা মালদা পাড়ায় থাকেন। বয়সের কারনে এখন আর স্বাভাবিক চলাফেরা করতে পারেন না, কানেও কম শুনেন। অতীতের কথা বলতে গিয়ে বলেন যে লংতরাই পাহাড়ের শিখরের গ্রামটিতে ঘনজঙ্গল ছিল, ছিল প্রচুর বন্যপ্রানী উনিও বাঘ, ভাল্লুক, হাতি, রামকুকুর, বিষধর সাপ, অজগর স্বচোখে দেখেছেন। আবহাওয়া এত উষ্ণ ছিল না, প্রচুর বৃষ্টি পাত হতো, জুমে ফলতো প্রচুর ফলন, ছড়াগুলিতে প্রতিনিয়ত ঝর্ণার জল গড়িয়ে পড়তো বহু ঝর্ণার মৃত্যু হয়েছে। ছড়াগুলোতে প্রচুর মাছ পাওয়া যেত এখনতো প্রায় সব কিছু হারিয়ে গিয়েছে। আগামী দিনগুলোতে যে কি ভয়ঙ্কর অবস্া হবে তা বুঝে উঠতে পারছেন না।

কর্মপাড়া বি.এম.সির বয়স্ক ব্যক্তিত্বের স্ব-চিত্র ও তথ্য

GPS location-

N-23^0-46`-585``

E-091^0-48`-204``

শা লিখিরায় রিয়াং

বয়স - ৮৭ বৎসর

উপরের ছবিটি কর্মপাড়া বি.এম.সির একজন বয়স্ক ব্যক্তিত্ব শ্রী লিখিরায় রিয়াং এর ওনার পিতার নাম কাপুইহা রিয়াং । বর্তমানে ওনার বয়স ৮৭ বৎস দীর্ঘ ৫০ বৎসর এই গ্রামে বসবাস করিতেছেন। জন্ম গোমতি জেলার অম্পিতে ছিল। জুমচাষ ও জীবিকার সুবিধার্তে এখানে আসেন। বর্তমানে বয়সের ভারে খুব বেশী চলা ফেরা করতে পারেন না। ওনারা যখন প্রথম এই গ্রামে আসেন এখানে কোন রাস্া-ঘাট ছিল না, ছিল ২-৪ ঘর জুমিয়া। এখানে আশপাশ এলাকায় কোন সমতল ভূমি নেই, গভীর অরন্য ছিল, ছিল প্রচুর বন্য জন্তু। সন্ধ্যার সাথে সাথে ঘর বন্ধী হয়ে থাকতে হতো এবং উঁচ টং ঘরে রাতের বেলায় আগুন জ্বালিয়ে থাকতে হতো, আশে পাশে কোন বাজার হাঁট ছিলনা দীর্ঘ ২৫ কিমি পায়ে হেঁটে ছড়ায় ছড়ায় তেলিয়ামুড়া যেতে হতো এবং প্রয়োজনীয় সামগ্রী সংগ্রহ করতে হতো। বিনা চিকিৎসায় বহুলোক মারা যেতে দেখেছেন। ১৯৫১ সালেন তুফান ও দ্বিতীয় বিশ্ব যুদ্ধের যুদ্ধ জাহাজের আনাগোনা দেখেছেন।

অতীতের কথা বলতে গিয়ে এও বলেন যে, প্রচুর বৃষ্টিপাত হতো, জুমে ফলতো প্রচুর ফসল, গ্রামের ছড়া গুলিতে পাওয়া যেত প্রচুর মাছ সবকিছু এখন কমতির পথে।

রাধারাম বাড়ী বি.এম.সির বয়স্ক ব্যক্তিত্বের স্ব-চিত্র ও তথ্য

GPS location- N 23^{0}-42`-582``

শ্রী পুসিনজয় রিয়াং

E-091^{0}-49`-485``

বয়স - ৮৮ বৎসর

উপরের ছবিটি রাধারাম বাড়ীর মনিরাম পাড়ার বয়স্ক ব্যক্তি শ্রী পুসিনজয় রিয়াং ওনার পিতার নাম মৃত বিজয়লা রিয়াং। বর্তমানে ওনার বয়স ৮৮ বৎসর। পূর্বে উনি আর এফের ভিতরে সদাইহাম পাড়ায় ছিলেন। উগ্রবাদীদের অত্যাচারে গ্রাম ছেড়ে বর্তমানে এই মনিরাম পাড়ায় থাকেন। বার্ধক্য জনিত কারনে চলাফেরা সীমিত। অতীতে জীবিকার জন্য প্রচন্ড পরিশ্রম করতে হতো। জুমচাষ ছিল প্রধান জীবিকা তখনকার দিনে সেখানে কোন রাস্তা-ঘাট, বিদ্যালয়, হাট বাজার ছিলনা তাই লিখাপড়া জানেন না বা শিখার সুযোগ হয় নাই। বাজার ছিল প্রায় ৩৫ কিমি দূরে ছড়া পথে মাসে ১ বার কি ২বার বাজারে যেত তাও নুনা ছড়ায় বাঁশের চালি বেঁধে পুরো দিন চলে যেত। অতীতের কথা বলতে গিয়ে বলেন যে, তখন কার দিনে এত গরম পড়তো না প্রচুর বৃষ্টিপাত হতো, জুমে প্রচুর ফলন ফলতো, ছড়াগুলোতেও প্রচুর মাছ পাওয়া যেত। বনে ছিল বহু মূল্যবান গাছ গাছালি বহুকিছু হারিয়ে গিয়াছে নিজ অভিজ্ঞতায় বুঝতে পারছেন।

রাধারাম বাড়ী বি.এম.সির অপর এক বয়স্ক ব্যক্তিত্বের স্ব-চিত্র ও তথ্য

GPS location-

N -23^{0}-43`-

112``

শ্রী সূর্য্যমনি রিয়াং
বয়স - ৯৭ বৎসর

উপরের ছবিটি রাধারামবাড়ীর শ্রী সূর্য্যমনি রিয়াং ওনার পিতার নাম মৃত হামফাইহা রিয়াং। রাধারামবাড়ীর রামকালী বাড়ীর বাসিন্দা ওনার বয়স ৯৭ বৎসর। পূর্বে ওনি আরো ভিতরে সদাই হাম পাড়ায় ছিলেন পাড়াটিও এই ভিলেজের মধ্যে ছিল সেখান থেকে সরে আসার কারন ছিল উগ্রবাদীদের অত্যাচার। কানে কম শুনেন চোখেও কম দেখেন। সেখানে ওনাদের জীবন জীবিকা ছিল জুম চাষ, প্রচন্ড প্রতিকুল পরিবেশ ছিল। ছিল বন্যজন্তু-জানোয়ারের অত্যাচার। জুমচাষে বেশকম ৪-৫ মাসের খাওয়ার জোগান হতো বাকী সময় বাঁশ কাটিয়ে চালা বেঁধে নুনাছড়া হয়ে খোয়াই নদী দিয়ে তেলিয়ামুড়ায় বিক্রি করতো। তখনকার দিনে ছিলনা রাস্া-ঘাট, হাট-বাজার, স্কুল, স্বাস্থ্য পরিসেবা এবং বিদ্যুৎ। অসুখ বিসুখে স্থানীয় বৈদ্যরা গাছ গাছালি দিয়ে রোগ মুক্তির চেষ্টা করতো। স্মরনীয় ঘটনা হলো একবার ওনি যখন জুম বাড়ীতে ছিলেন একটি হাতির দল ওনার ধানের ব্যাপক ক্ষতি করে এবং টংঘরটা ভেঙ্গে দিয়ে যাওয়ার পথে ওনার পালা একটি শূকরকে মেরে দিয়ে যায়।

সিদ্ধাপাড়া বি.এম.সির একজন বয়স্ক ব্যক্তিত্বের স্ব-চিত্র ও তথ্য

GPS location-

N 23^{0}-41`-569``

E-091^{0}-50`-081``

শ্রী হরিচন্দ্র রিয়াং

বয়স - ৯৯ বৎসর

উপরের ছবিটি সিদ্ধা গ্রামের বয়স্ক ব্যক্তি শ্রী হরিচন্দ্র রিয়াং ওনার পিতার নাম মৃত অহিকরাই রিয়াং। বর্তমানে ওনার বয়স ৯৯ বৎসর। ওনার ৩ ছেলে ৩ মেয়ে ছিল, ১ ছেলে ১ মেয়ে মারা যায়। ওনার স্ত্রীও পরলোকগত, ছেলে ও মেয়েদের বাড়ীতে পালা করে থাকে, চলাফেরা একটু একটু করেন চোখে কম দেখেন কানেও কম শুনেন। ১৯৭৬ সাল থেকে এ গ্রামে স্থায়ীভাবে বসবাস শুরু করেন, তার পূর্বে জুম চাষের জন্য আঠারোমুড়া ও লংতরাই পাহাড়ে ঘুরে ফিরে থাকতো। পাট্রায় জমি পান। বয়স্ক ভাতা দিয়ে কোন প্রকার বেঁচে আছেন।

অতীতের কথা বলতে গিয়ে বলেন যে লংতরাই-আঠারমুড়া পাহাড় ছিল ঘন জঙ্গলে ভরা প্রচুর বন্যজন্তু-জানোয়ার ছিল তাদের সঙ্গে লড়াই করে থাকতে হতো।

প্রচুর পাহাড়ী ঝর্ণা ছিল যেগুলি ধলাই ও খোয়াই নদীকে পরিপূর্ণ করে রাখতো। বর্তমানে বহু ঝর্ণা শুকিয়ে গিয়াছে। অতীতে প্রচুর বৃষ্টিপাত হতো, জুমে ফলতো প্রচুর ফসল, ছড়াগুলিতে প্রচুর মাছ পাওয়া যেত। জৈব বৈচিত্র্যের বিলুপ্তি হওয়াটা অভিজ্ঞতায় বুঝতেছেন এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্যও ভাবনা করেন যে এভাবে চলতে থাকলে মহা সংকটে পড়তে হবে।

৭.১ বি.এম.সিতে ভ্রমণে পাওয়া বন্য পাখীর স্ব-চিত্র ও তথ্য ঃ

গঙ্গানগর বি.এম.সির সংগ্রহিত বন্য পাখীর স্ব-চিত্র তথ্য

পাখী না এলে পৃথিবীতে গাছগাছালির জগৎটা এমনভাবে গড়ে উঠতো না। পাখী দেখতে কার না ভাল লাগে। কে না চায় পাখীর গান শুনতে। মাছ রাঙার মোহময় রঙে কে না মোহিত হয়। পাখীনিয়ে সব কথা নয়।

পক্ষী বিজ্ঞানীরা জানিয়েছেন, পরিবেশ বাঁচাতে পাখীর দরকার। আমাদের জীবন ঠিকঠাক চালাতে পাখীর প্রয়োজন। পাখী নানা ভাবে উপকার করে পরিবেশ ও মানুষের। পাখী পরাগযোগ ঘটায়। বীজ বিস্তার করে। নানা ফসল ভক্ষ করে পাখী। ঔষধী গাছ খুজে দিতে জানে পাখী। প্রাকতিক দুযোগের পূর্বাভাস দিতে পারে। সংবাদ আদান প্রদানের কাজ করতে পারে পাখী। মানুষকে এক সময় নতুন দেশ খুজে দিয়েছে পাখী। শিখিয়েছে নৃত্যকলা। আরো অনেক অবদান আছে পাখীর ।

সামগ্রীক পরিবেশ থেকে বিছিন্ন নয় পাখী। পাখী ও বাস্তুতন্ত্রের একটি গুরুত্বপূর্ন অংশ। প্রশ্ন হয় বাস্তু তন্ত্র কী? জীব ও তার পরিবেশের পারস্পরিক এবং আন্ সম্পর্ক চর্চার বিষয়টিকে বাস্তু বিদ্যা বা বাস্তু তন্ত্র বলে। খাদ্য শৃঙ্খল হল যে কোন বাস্তু তন্ত্রের একটি গুরুত্বপূর্ন দিক। পাখী না থাকলে মানুষের জীবনটাই যে একদিন বিপদে ভরে উঠবে, এই শর্তটা মানুষ বুঝবে কবে। পাখীকে বাঁচানো চেষ্টায় মানুষকে এগিয়ে আসতে হবে।

চিল (*Milvus migrans)*

কাল কাঠ বিড়ালী (*Ratufa bicolor)*

সাদা বক (*Egretta garzetta)*

সোনালী বুক ক্লোরোপিস (*Chloropsis cochinchinensis)*

কর্ণমনিপাড়া বি.এম.সির সংগ্রহিত বন্য পাখীর স্ব-চিত্র

চিল (*Haliastur indus*)

অরবেলার (*Tesia castaneocoronata*)

কাঠবিড়ালী
(*Callosciurus pygerythrus*)

কাল কাঠ বিড়ালী
(*Ratufa bicolor*)

তেতুইয়া বি.এম.সির সংগ্রহিত বন্য পাখীর স্ব-চিত্র

সোনালী বুক ক্লোরোপিস
(*Chloropsis cochinchinensis*)

চিল (*Haliastur indus*)

কাঠবিড়ালী
(*Callosciurus pygerythrus*)

ভীমরাজ (*Dicrurus annectans*)

ঊলবুল (*Pycnonotus jocosus*)

কাল কাঠ বিড়ালী
(*Ratufa bicolor*)

কাল মাথ হলুদ বুলবুল
(*Pycnonotus melanicterus*)

লাল বুক প্রজাপতি
(*Delias descombesi*)

কর্মপাড়া বি.এম.সির সংগ্রহিত বন্য পাখীর স্ব-চিত্র

সাদা বক (*Egretta garzetta*)

শালিক (*Acridotheres tristis*)

রাধারাম বাড়ী বি.এম.সির সংগ্রহিত বন্য পাখীর স্ব-চিত্র

কালো মাথা ওরিয়ল
(*Oriolus xanthornus*

কাঠঠোকরা
(*Dinopium javanense*)

সিদ্ধাপাড়া বি.এম.সিতে ভ্রমণে পাওয়া ধনেশ পাখীর চিত্র ও তথ্য

ছবিতে ১(এক) জোড়া ধনেশ পাখী দেখানো হয়েছে একটি বসা অবস্থায় অপরটি উড়ন্ত অবস্তায়। এই ধনেশ গুলি মালাবার পাইড্ হর্নবিল শ্রেণীভূক্ত যাদের বৈজ্ঞানিক নাম *Anthracoceros coronatus.*

সাদা আর কালো মেশানো এই পাখীগুলি চিলদের থেকে একটু আকারে বড় হয়। লম্বা এবং চওড়া কালো রঙের লেজের বাইরের দিকের পালকগুলি সম্পূর্ণ সাদা। হলদে কালো রঙের শিঙার মত জাঁদরেল ঠোঁটটির ওপরে দুপাশ চ্যাপ্টা একটি সূচালো শিরস্ত্রাণের মত আছে,এইটিই ওদের বড়ো পাইড্ হর্নবিলদের থেকে আলাদা করে চিনবার প্রধান চিহ্ন।

সব জাতের ধনেশ পাখীদেরই আচার ব্যবহার প্রায় একই রকম। ওরা জঙ্গলে বসবাস করে এবং বট, অশ্বথ প্রভৃতি গাছের ফলই ওদের প্রধান খাদ্য। অবশ্য গিরগিটি, ছোট পাখী, কাঠবেড়ালী প্রভৃতি জীবও ওরা খেয়ে থাকে। ধনেশ পাখীর দল সব সময় দলনেতাকে অনুসরণ করে এক জায়গা থেকে অন্য জায়গায় উড়ে বেড়ায়। ওদের উড়ার গতি খুব সাবলীল নয়, প্রথমে কয়েক বার বেশ জোরে ডানা ঝাপটায় তারপর ডানা দুটো উপরে তুলে কিছুদূর হাওয়ায় বেড়ায়। বেশ জোর গলায় নানা রকম আওয়াজ আর চিৎকার করে এই পাখীরা। এদের বাসা বানাবার কায়দাটিও বেশ অদ্ভুত। একটি ভালো দেখে গাছের কোটর বেছে নিয়ে তার মধ্যে স্ত্রী পাখীটি আশ্রয় নেয় আর কোটরের মুখটি দেওয়াল তুলে বন্ধ করে দেওয়া হয়, নিজেদের বিষ্ঠাকেই ওরা দেওয়ালের সিমেন্টের মতো ব্যবহার করে। এই দেওয়ালে একটি মাত্র ফুটো থাকে, এই ফুটো দিয়েই পুরুষ পাখীটি স্ত্রী পাখীকে খাদ্য সরবরাহ করে এবং স্ত্রী পাখী ভিতরে বসে ডিমে তা দেয়। ডিম ফুটে বাচ্চা বের হলে তারপর দেওয়াল ভেঙে ফেলে স্ত্রী পাখীটি মুক্তি লাভ করে। এরপর পাখীদম্পতি দুজনে মিলে বাচ্চাদের আহার জোগাড় করতে মন দেয়।

৭.২- গঙ্গানগর ব্লকে ভ্রমনে পাওয়া কিছু পোকা মাকড়, কীট, পতঙ্গ এদের সম্পর্কে কিছু কথা

পৃথিবীতে যত প্রাণী আছে তার প্রায় ৮০ শতাংশই পোকা মাকড় শুধু পোকাদের প্রজাতির সংখ্যা ১০ লক্ষের বেশী এখন ও দু-চারটা করে নুতন প্রজাতি পাওয়া যাচ্ছে এবং পাওয়া যাবে।

পোকাদের দেহের বৈশিষ্ঠ হল এদের দেহ তিন ভাগে বিভক্ত মস্তক, বক্ষ ও উদর। মাথার খন্ড ৫টা; মাথায় থাকে উপরের দিকে শুঙ্গ এর পাশে দুটো বড় চক্ষ সমষ্ঠি।

বাসস্থান ও অভ্যাস - পোকারা এক মাত্র সমুদ্রের জল ছাড়া পৃথিবীর সব জায়গায় বাস করে। মাটির নিছে, মাটির উপর, গাছ পালায়, বনে জঙ্গলে, স্বাদুজলে, খরের ভিতর চলগম কাপর চোপড় বই খাতা এমন কি অণ্য প্রাণীর দেহে। মানুষের মৌলিক চাহিদা যা তাদের চাহিদাও অনুরূপ যেমন খাদ্য আশ্রয় বাসস্থান ইত্যাদি।

বংশ বিস্তার– এরা খুব তাড়া তাড়ি বংশ বিস্তা করতে পারে। এক জোড়া মাছির ডিম গরমের সময় ফুটে বাচ্ছা হতে সময় লাগে ৫-৭ দিন শীত কালে ১০-১২ দনি। বছরে এদর ৮০-৪৮ প্রজন্ম আমাদের দেশে হয়ে থাকে। মাছির যে বাচ্ছা গুলো হয় তাদের সব গুলো বেঁচে থাকলে ৬ মাসে সব মাছি দিয়ে গোটা গোটা ভূপৃষ্ঠ ১৫ মিঃ পুরু করে ঢেকে দেওয়া যেত।

পঙ্গপাল এক ঝাঁকে কয়েক কোটি হতে পারে। বিজ্ঞানিরা বলেন কোন কারনে মানুষ প্রতি কুল অবস্তায় পৃথিবী থেকে অবলুপ্ত হয়ে গেলেও পঙ্গপালরা টিকে থাকবে, ওরা এতটাই খাপ খাওয়াতে অভ্যস্ত।

সামাজিকতা– আমরা জানি মানুষ সমাজ বদ্ধজীব। তারা সমাজবদ্ধ ভাবে বসবাস করে এবং সামাজিক আচরন করে থাকে এবং এটি অতুলনীয়। সম্ভবত মানুষ এদের অনেক আচরন অনুকরন ও অনুসরন করে আসছে। দেখে শিখছে।

১ জোড়া মাছি থেকে ১ মাসে ১৯১x০০০০০০০০০০০০০০০০০০০০০
(এক শত একানব্বই-এর পর একুশটা শূণ্য) বাচ্ছা হতে পারে।

শস্যনাশক কীটপতঙ্গ দমনের জন্য কিছু প্রস্তাবিত কীটনাশক

ক্ষতিকারক পোকার নাম	বৈজ্ঞানিক নাম	প্রস্তাবিত রাসায়নিক নিয়ন্ত্রণ
১. বহুভূক পতঙ্গ (১) লাল শুঁয়ো	*Amsacta moorei* *A. albistriga*	ডাস্ট ০% BHC, প্রথম অবস্থায় আয়ত্তে আনা সহজ। ব্যবহার করবেন না, যদি শিকড়/ অলাবু উদ্ভিজ হয়। ডাস্ট ৫-১০%
(২) গাঙ্গাফড়িং	*Hieroglyphus* *H. nigrorepletus*	BHC, অবস্থা দেখে।
২. ধানের ক্ষতিকারক পোকা (১) কান্ডছিদ্রকারী	*Tryporyza incertulas*	১৫ দিন অন্তর তিনবার স্প্রে/ উপাদান ০.৪% ডায়াজিনন, ফোসফাথিডন, ফেনিট্রোথিয়ান, অথবা দু বার কার্বোফুরান (৩%) ফোরেট (১০%) লিনডেন (২%) কিংবা এনডোসালফান (৪%), বটামের ২ অথবা ৬ সাপ্তাহ পর।
(২) দঙ্গলবাঁধা শুয়ো	*Spodoptera mauritia*	ডাস্ট ১০% BHC/ স্প্রে ০.০৪ এনডোসালফান কিংবা ০.২% কার্বালি।
(৩) গাঁধিপোকা	*Leptocorisa acuta*	ডাস্ট ১০% BHC, কিংবা কার্বারিল।
(৪) গ্যলফ্লাই	*Orseolia oryzae*	স্প্রে ০.৩% ফোসফামিডন অথবা ডিমোথোয়েট। শস্য উদগমনের সময় ৪ বার।
৩. আখের ক্ষতিকারক পোকা (১) শীর্ষছিদ্রকারী	*Tryporyza nivella*	৪% কার্বারিল অথবা পত্রমজ্জুরিতে এনডোসালফান গ্র্যানিউল কিংবা ০.০৫% মোনোক্রোটোফস স্প্রে করুন।
(২) কান্ড ছিদ্রকারী	*Chilo infuscatellus*	----
(৩) শিকড় ছিদ্রকারী	*Emmalocera depressella*	----
(৪) পাইরিলা ফড়িং	*Pyrilla perpusilla*	ডাস্ট ৫% BHC স্প্রে ০.০৩% সোনোক্রোটোফোস, ডিমেথোয়েট, ফোসকামিডন অথবা মিথাইল ডেমেটন। পত্রত্বকের নিচের অংশের জন্যে নজর রাখবেন।
৪. ডালশেস্যের (১) গুটিছিদ্রকারী	*Heliothis armigera*	ডাস্ট ৪% কার্বা / স্প্রে ০.৫% এনডো কিংবা ০.০৪% মোনোক্রো।
(২) চারাগাছখেকো	*Agrotis ipsilon* *Orchropleura flammatra* *Devis & Schiffer* *A. segetum Schiffer Dems* *A. spinifere*	জমিতে ৫% অলড্রিন, হেপটাকোলর অথবা কোলরডেন কিংবা শস্যে১০% BHC ডাস্ট।
(৩) শুঁয়ো (যমরাল)	*Exelastis atomosa*	ডাস্ট ৫% কার্বা বা এনডো / স্প্রে ০.০৪% মোনোক্রো অথবা ০.০৫% এনডোসালফান।
(৪) গুঁটির পত্র ছিদ্রকারী	*Phytomyza atricomis*	স্প্রে ০.০৫% ডাইকোলোরোডস (DDVP) , ০% লিনডেন অথবা কার্বারিল দু বার।
(৫) গুঁটি ছিদ্রকারী	*Melanogromyza phaseoli*	ডাস্ট ৫% কার্বালিল, ৫% এনডোসালফান অথবা স্প্রে ০.০৫% সোনোক্রোটোফোস, ডিসেথোয়েট পাতার মধ্যে কীটানু থাকলে।
(৬) কোরকছিদ্রকারী	*Agromyza obtusa*	ঐ
(৭) এ্যাফিডস	*Aphis cracciovra*	ফোরেট ১০ গ্রাম, ডিসালফোটন ৫ গ্রাম গ্রানিউল ১.৫ কেজি এ. আই. হ্যাঁ বপনের সময়/ ডাস্ট ৫% BHC অথবা দুবার স্প্রে ০.০৩% মোনোক্রো, যোসফা, ডিমে কিংবা মেথিল ডিমেটন। গ্রানিউলার ব্যববহুল হলেও অন্যান্য পোকা দমন করতে সক্ষম।

৫. তৈলবীজ শস্যের		
ক. রাইসর্ষের ক্ষতিকারক পোকা		
(১) সর্ষের অ্যাফিডস	*Lipaphis erysimi*	স্প্রে ০.০৫% লিনডেল অথবা ০.০২% ফোসফালিডন অথবা ০.০৩% মোনোক্রো অথবা মেথিল ডেমেটন/ ডেমেটোয়েট।
(২) করাতিপোকা	*Athalia lungens Proxima*	ডাস্ট ৫% BHC। ঝাড়াই পাতা তরকারি হিসেবে খাবেন না।
খ. বাদামের		
(১) পত্রছিদ্রকারী	*Stomopteya nerteria*	ডাস্ট ৫% BHC অথবা কার্বারিল।
(২) কান্ডছিদ্রকারী	*Sphenoptera perotetting*	মাটিতে ৫% এ্যালড্রিন অথবা কোলরডন গুঁড়ো মাখিয়ে নিন।
গ. তিলের		
(১) পাতা/ কোরক ছিদ্রকারী শুঁয়ো	*Antigastra catalaunalis*	ডাস্ট১০%BHC/স্প্রে০.০১%BHC+০.১%DDT(পাউডার জলে গলার মত)
(২) বাজপাখি-মথ	*Acherontia styx*	ডাস্ট১০%BHC
ঘ. রেড়ি শস্যের		
(১) পিঠকুঁজো শুঁয়ো	*Achaea janata*	ডাস্ট৫ %BHC/স্পে ০.০৫% এনডো সালফান/০.২% কার্বারিল।
৬. তরিতরকারী		
ক) মাছি	*Dseus cucurbitae*	গাছ বেড়া সহ অন্যান্য তরিতরকারী, স্প্রে করুন:০.০১% BHC + ০.০১% DDT,বিষের
১. তরমুজের	*D. Ciliatus* *D. Diversus*	টোপ(২০ গ্রাম মিলাথিয়ন ৫০% WP অথবা ডায়াজিন+২০০ গ্রাম গুড় দু লিটার জলে)) চ্যাটালো জায়গায় রাখবেন।
২. বৈচি জাতীয় ফলের মাছি	*Carpolyia Vesuviana*	এপ্রিল-জুনে আশপাশে মাটি বরাবর খুঁড়ে সপ্তাহে তিনবার স্প্রে : ০.০৪% DDVP অথবা ০.০৫% মেলাথিঅন।
খ) কুমড়ো-গুব্‌ড়ে	*Aulasuphora foveicollis* *A. intermedia* *A. cincta*	জমিতে ৫% অলড্রিন মাখান কীটন শের জন্য/ পাতা ডাস্ট করুন ৪% কার্বারিল দিয়ে অথবা মেলাথিঅনস্প্রে ০.০৫%।
গ) বেগুন ছিদ্রকারী		
১. কান্ড/ফল ছিদ্রকারী	*Leucinodes orbenalis*	স্প্রে ০.৩% ডায়থিন/১% লিন/০.১% কার্বা। স্প্রের আগে ফল পেড়ে নিন। শোষণের তিন চারদিনের মধ্যে নতুন গাছ বসাবেন না।
২. বেগুনের কান্ড ছিদ্রকারী	*Euzophera particella*	স্প্রে ০.০৩% ডায়াজ/০.১% লিন/০.১%কার্বা। শোষণ সর্ম্পকে উপরে বাকি অংশ দেখুন।
ঘ) পাতাখেকো গুব্‌রে	*Epilsehila dodecastgma* *E. vigintioctopunctus* *E. ocellata*	স্প্রে ১% কার্বারিল, ০.০৫% মেলাথিঅন অথবা DDVP।
৭. ফল/ফল গাছের		
১. স্যানজোস স্কেল	*Quadraspiditious pernicious*	স্প্রে ৩% মে. ডেমেটন, ভিয়াজ DDVP অথবা মোনোক্রো।
২. তুলতুলে এ্যাফিড	*Erisoma lanigerun*	স্প্রে করুন গাছের উপরের অংশে। মার্চ-এপ্রিল/জুন-জুলাই। স্প্রে উপাদান উপরের মতো।
৩. চোষী মথ	*Otheris fullonia* *O. materna* *Achaecl janata(L)* *Calpe emarginata*	বিষের টোপ।২০ গ্রাম ম্যালা,৫০%WP অথবা ৫০ মিলি ডায়া+২০০ গ্রাম গুড় ২ লিটার জলে।
৪. লেবু: পত্র ছিদ্রকারী	*Phylloenistis citerella*	স্প্রে ৫% মোনোক্রো অথবা ফোসফি।
৫. লেবু প্রজাপতি	*Papilio demoleus* *P. polytex(L)* *P. machaon asiatica*	স্প্রে ৫% এনডো অথবা ১% কার্বা।
৬. আনারসী প্রজাপতি	*Virachola isocrates*	স্প্রে ৪% মোনোক্রো অথবা ফোসফি।
৭. আম ফড়িং	*Idioscopus clypealis* *I. niveosprsus(L)* *I. nigroclypeatis(L)* *Amritodus atkinsoni(L)*	জানুয়ারিতে ৩% DDVP । মুকুল ওঠার পর দু একবার। আবার, জুন-জুলাই ২-৩ বার।
৮. আম পোকা	*Drosicha Mangiferae*	৫%এ্যাল গুঁড়ো মাটিতে, গাছের গোড়ায় মাখান/ ডায়া৪%অথবা মোনোক্রো দিয়ে স্প্রে করুন।
৯. ছালখেকো শুয়ো	*Indarbela quadrinotata* *I. patetraonis*	ফিতের মতো জাল সাফ করে গর্তের মধ্যে কার্বণ বাইসালফাইড বা ক্লোরোফর্ম বা পেট্রল বা ১% DDVP অথবা ৫% ট্রাইক্লোরেফোন কাপড়ে ভিজিয়ে ঝুলিয়ে দিন। তারপর মাটি দিয়ে গর্তের মুখ এঁটে দিন। আবার গর্ত দেখা দিলেও একই কাজ।
১০. পাথুরে গুবড়ে	*Sternocactus mangiferae* *S. frigidus(F)*	স্প্রে ১% মেলথি+ ২% লিন। ১৫-২০ দিন অন্তর দু তিনবার ফল দেখা দিলেই।
৮. বাগিচা ফসলের		
ক. নারকেল		
১. গন্ডারি গুবরে	*Oryctes chinoceros*	সার-এর গর্তে/ প্রজনন এলাকায় ১%BHC স্পে করুন/ পাতায় ৫% BHC অথবা ক্লোরডেন গুঁগো বালির সঙ্গে মিশিয়ে দন (১:১)।
২. কালামাথা শুয়োঁ (যমরাল)	*Nephiantis serinopa*	স্প্রে ১% BHC +১%DDTঅথবা ৫% এনডোসালফান।

সুত্রঃ- ক্ষেতের কীটপতঙ্গ
এস. প্রধান
ধ্রুবজ্যোতি রায়চৌধুরী

৭.৩ গঙ্গানগর ব্লকের বি,এম,সিতে ভ্রমনে পাওয়া কয়েকটি ব্যাঙের ছবি ঃ

ব্যাঙ্ সর্ম্পকীয় কিছু কথা- ব্যাঙ্ উভয়চর প্রাণী ,শীতল রক্তের। পৃথিবীর প্রায় ৮০% ব্যাঙ্ ট্রপিকেল এবং সাব ট্রপিকেল অঞ্চলে দেখা যায়। আমাদের ত্রিপুরায় ও নানা জাতের ব্যাঙ্ রয়েছে তার মধ্যে আমরা সব সময় দেখতে পাই সেগুলো হল কুনো ব্যাঙ্ , সোনা ব্যাঙ্ গেছো ব্যাঙ্ প্রভৃতি। এখানে ৩ টি জাতের নাম করা হলো আসলে পৃথিবীতে প্রায় 'শ' খানেক জাতের ব্যাঙ্ রয়েছে। এদের জীবন চক্র শুরু হয় জলে পরবর্তীতে জলে স্থলে বিচরন করে।

বর্ষাকাল হচ্ছে ব্যাঙের প্রজনন ঋতু। বর্ষা ঋতুতে ভারতে অধিকাংশ অঞ্চলে সর্বাধিক সংখ্যক ব্যাঙ জনন কার্য্যে ব্যস্ত থাকে। তবে অন্য ঋতুতে ও ওরা প্রজনন কাজ করলে ও শীতের সময় এই কাজ সম্পূর্ণ বন্ধ থাকে। জীব বিজ্ঞানীরা পরিক্ষ করে দেখেছেন যে এক একটি স্ত্রী ব্যাঙ গড়ে ২৫০০ ব্যাঙাচির জন্ম দিতে পারে।

ব্যাঙ মাংসাশী প্রাণী। এর পিপঁড়ে ও অন্য আন্য ছোট ছোট পতঙ্গ ,শুয়াপোকা, কেচোঁ,ছোট শামুক ইত্যাদি জীবন্ত ধরে খেয়ে থাকে। নাড়াচাড়া করে এমন বস্তুই ব্যাঙ খাদ্য রূপে গন্য করে। ওরা হলেও নিশ্চল থাকে। স্থির এবং মৃত প্রাণীকে কখনই খাদ্যরূপে গ্রহন করে না।

ব্যাঙ্ কৃষি বান্ধব প্রানী। ফলন নাশক নানা বিষাক্ত ও ক্ষতিকারক পোকা মাকড় খেয়ে ফসলকে রক্ষা করে। চীন দেশ কৃষিক্ষেত্রে পোকা মাকড় দমনে রাসায়নিক ব্যবহার না করে ব্যাঙ চাষ করে দমন করে। এই উপকারী প্রানীটি বর্তমানে ধীরে ধীরে অবলুপ্তির পথে এগিয়ে চলেছে। আমাদের ত্রিপুরায় ও ১০-১৫ বঃসর পূর্বে যে পরিমান ব্যাঙ দেখা যেত এখন আর সে ভাবে দেখা যায় না।

প্রাকৃতিক ভারসাম্যে ব্যাঙের অবদান বুঝতে একটা ঘটনার কথা এখানে বলা যাক। ভারত সোনা ব্যাঙ্ বিদেশে রপ্তানি করে বছরে প্রায় ৮ কোটি টাকা আয় করে এর ফলে এখন ফসলের জমিতে সোনা ব্যাঙ্ প্রায় নেই। একটা সোনা ব্যাঙ্ দৈনিক ৩০০-৫০০ পোকা খায়। এতে ফসলের খেতে পোকার ভারসাম্য বজায় থাকে। কিন্তু ব্যাঙ্ রপ্তানি করে কি লাভ হলে ? ফসল খেতের পোকা মারতে ভারত সরকার ফি বছর ৬৫ কোটী টাকার কীটনাশক ক্রয় করে দেখা যায় ৮ কোটী টাকা আয় করতে আমাদের ব্যয় হচ্ছে ৬৫ কোটী টাকা।

৭.৪- গঙ্গানগর ব্লকের বিভিন্ন বি.এম.সিতে ভ্রমনে পাওয়া কিছু প্রজাপতির চিত্র ও তথ্য-

প্রজাপতি সম্পর্কে কয়েকটি কথা।

প্রকৃতির অপরূপ সৃষ্টি প্রজাপতি ও মথ। এদের বাহ্যিক রূপ প্রকৃতির আঙিনায় এক মনোহারী আকর্ষনের ভান্ডার। ছোট বেলায় মথ বা পজাপতি ধরেনি বা তার পিচু পিছু দৌড়ায়নি এমন শিশুর হদিশ মেলা ভার। এদের গায়ে হাত দিলে, হাতে সুক্ষ্ম নানা রঙের অসংখ্য রোয়া লাগবেই। এগুলি এদের শরীরের আঁশ বিশেষ যা জন্মায় এদের দেহে, ডানায়।

বিবর্তনের ধারায় উদ্ভুত প্রজাপতি ও মথ দুই জনেই লেপিডোপটেরা বর্গের অন্তর্ভূক্ত। অর্থ হলো আঁশ বিশিষ্ট ডানার অধিকারী পতঙ্গ। এরা অনেক বংশে বিভক্ত। এর মধ্যে দুইটি বৃহৎ বংশে এরা বিভক্ত। এরপর রয়েছে উপবংশ-গনউপ-গন প্রজাতি-উপপ্রজাতি এবং জাতি।

পৃথিবীর কম বেশী সর্বত্র এদের ব্যাপ্ত উপস্থিতি লক্ষ করা যায়। এ পর্যন্ত বিজ্ঞানীরা এক লক্ষ পঞ্চান হাজার জাতের মথ ও প্রজাপতির সন্ধান লিপিবদ্ধ করেছেন। এর মধ্যে প্রজাপতির সংখ্যা হবে প্রায় কুড়ি হাজার। ভারতে প্রজাপতি আছে প্রায় ১৫০০ প্রজাতির।

বিশ্ব উষ্ণায়ন ও পরিবেশ ধ্বংসের ফলে বহু প্রজাতির প্রজাপতির ও মথ বিলুপ্ত হয়ে গেছে। প্রজাপতি মানুষের বন্ধু, ফুলে উড়ে এরা পরাগ সংযোগ ঘটিয়ে উদ্ভিদের বংশ বিস্তার ঘটায়।

৭.৫- রাধারামবাড়ী বি.এ.সির হাতি দ্বারা আক্রান্ত্ম মহিলার চিত্র ও তথ্য

GPS location-

N-23⁰-46`-191``

E-091⁰-50`-417``

শ্রীমতি নন্দীরন্নং রিয়াং

বয়স- ৪৮ বৎসর

উপরের ছবিটি রাধারাম বাড়ী বি.এম.সির শ্রীমতি নন্দীরন্নং রিয়াং এর বর্তমানে ওনার বয়স ৪৮ বৎসর ওনার স্বামীর নাম মৃত মুক্তরাম রিয়াং। ওনি বর্তমানে গঙ্গানগরে স্থায়ীভাবে বসবাস করছেন। আজ থেকে প্রায় ১৮ বৎসর পূর্বে শত্রন্নঘ্ন চৌধুরী পাড়ার জুম থেকে অপর কয়েকজন সঙ্গী সহ ধানকেটে ফেরার পথে একটি দাঁতাল হাতি ওনার পিঠের ধানের বোঝা শুড় দিয়ে নামিয়ে ওনাকে পিছন থেকে দাঁত দিয়ে আঘাত করে বহুদূরে মাটিতে ছুঁড়ে ফেলেন। হাতিটির ১টি দাঁত ছিল লম্বা অপরটি কিছু বেটে প্রচন্ড আঘাতের ফলে ওনার পিঠের দুই প্রান্নে ২ টি গভীর ফুটো হয়ে যায় সংগীয় লোকজন কিছু দূরে ছিল পরবর্তীতে ওনারা নন্দীরুং কে উদ্ধার করে প্রথমে কুলাই হাসপাতালে এবং পরবর্তীতে আগরতলা জি.বি. হাসপাতালে রেফার করে প্রায় ৩ মাস চিকিৎসার পর সুস্থ হয়ে বাড়ীতে ফিরে

আসেন। বর্তমানে শারিরীক প্রতিবন্ধতা সৃষ্টি হয় স্বাভাবিক কাজ করতে পারেন না। অজ্ঞতার কারনে সরকারী সাহায্যের আবেদন করেন নাই তাই, কোর সাহায্যও পান নাই।

রাধারামবাড়ী বি.এ.সির হাতিদ্বারা আক্রান্ত অপর একজন মহিলা

ছবিতে একজন রিয়াং রমনীকে দেখানো হয়েছে ওনার নাম চন্দ্রসরী রিয়াং। স্বামীর নাম নরেন্দ্র রিয়াং। বর্তমানে উনি স্বামী পরিত্যক্তা। ওনার বয়স ৪৯ বৎসর । আজ থেকে আনুমানিক ২০ বৎসর পূর্বে হাম-ফাইলাহা চৌধুরী পাড়াতে ওনার নিকট আত্মীয়ের বাড়ীতে বেড়ানোর পর বাড়ী আসার পথে ওনার সাথে ছিল ২ জন পুরুষ ১জন ওনার মামা অপরজন ওনার দাদা আরও সাথে ছিল ওনার দিদি পার্বতী রিয়াং বয়সে ওনার থেকে ৪ বৎসরের বড়। হঠাৎ জঙ্গলে বিকট আওয়াজ শুনতে থাকেন ওনার সাথী ২জন পুরুষ মায়ুং বলে বড় গাছে উঠে পড়ে, উনি এবং পার্বতী ভয়ে কাঠ হয়ে রাস্তায় দাঁড়িয়ে পড়েন এবং ভয়ে কাঁপতে থাকেন কেননা ওনারা নিরুপায় হয়ে যান দেখে, এক বিশাল দাঁতাল হাতি যার একটা দাঁত বেশ বড় অপর দাঁত ভাঙ্গা কিছু ছোট এবং সামনে একটি সরু। ওনাদের সামনে এসে পথমে ওনাকে শুড়ে পেঁচিয়ে বহু দূরে ছুঁড়ে ফেলেন তখন ওনার জ্ঞান ছিল না। পার্বতী রিয়াংকে মাটিতে ফেলে বুকে চাপা দিলে পেটের নাড়িভূড়ি বেরিয়ে পড়ে এবং জায়গায় পার্বতীর মৃত্যু হয়। যাওয়ার পথে একটি মহিষকেও মেরে যায়। অতঃপর গাছের উপরের ব্যক্তি দ্বয়ের চিৎকার চেঁচামিতে গ্রামের লোক ছুটে আসেন এবং ওনাকে উদ্ধার করেন ওনার কোমর এবং কলারের হাঁড় ভেঙ্গে যায় দীর্ঘ ২ বৎসর শর্য্যশায়ী ছিলেন। স্থায়ীয় কবিরাজ জগৎ রাম এর চিকিৎসার ফলে সুস্থ হন। কিন্তু বর্তমানে কর্ম ক্ষমতা হারান।

গঙ্গানগর বি.এম.সি

শ্রী জমাধন ত্রিপুরার

ছবিটি গঙ্গানগর বি.এম.সির আনন্দ রোয়াজা পাড়ার শ্রী জমাধন ত্রিপুরার বর্তমানে ওনার বয়স ৪৭ বৎসর ছোটখাট কিন্তু মজবুত গড়না ওনার জীবন বড়ই বিচিত্র। পি.বি.আর কমিটি সিদ্ধান্ড় নেয় ওনার প্রচ্ছদ এ স্থান দেওয়ার জন্য।

দরিদ্র জুমিয়া ঘরের ছেলে লিখাপড়া নেই, বনে জঙ্গলেই বেড়ে বর্ত্তে উঠা ছোট বেলা থেকে দুরন্ড়। ১৯৮৯ সালে একটি বিষাক্ত সাপ ওনাকে ধংশন করে ২-৩ দিন অচৈতন্য থাকেন গ্রামবাসীর ধারনা ছিল মারা গিয়াছে কিন্তু ৩ দিন পর বেঁচে উঠেন। ১৯৯০ সালে পাগলা কুকুর ওনাকে কামড় মেরে পা দুটোকে ছিন্নভিন্ন করে ফেলে,কয়েকদিন অসুস্থ থেকে পুনঃসুস্থ হয়ে উঠেন। ১৯৯৫ সালে ডুম্বর নগরবণ্চকের ওয়ানছাপাড়াতে উগ্রপন্থীদের হাতে ধরা পড়লে গলার প্রায় দুই-তৃতীয়াংশ কেটে ফেলে শুধুমাত্র খাদ্যনালী,শ্বাসনালী অক্ষত ছিল বহুদিন আগরতলা হাসপাতালে চিকিৎসার পর সুস্থ হয়ে ওঠেন।বহু গখঅ ও মন্ত্রী ওনাকে দেখতে হাসপাতালে গিয়েছিল। এখানেই শেষ নয় ২০১২ সালে গভাছড়া ঝচঙ কেম্পের সামনে জীপ দুর্ঘটনায় পড়েন। সেই দুর্ঘটনায় দুপাশ্রী ত্রিপুরা সামে এক মহিলার মৃত্যু হয়।জমাধন ত্রিপুরার ও হাঁড় মাংসে ব্যপক ক্ষতি হয় ২-৩ মাসে পুনঃসুস্থ হয়ে ওঠেন। ওনার মৃত্যুঞ্জয়ী প্রয়াসের জন্য প্রচ্ছদে দেওয়ার এই সিদ্ধান্ড়।

রাধারামবাড়ী বি.এ.সির হাতি দ্বারা আক্রান্ত্ব মহিলার চিত্র ও তথ্য

GPS location- N-23⁰-46`-191``

E-091⁰-50`-417``

শ্রীমতি নন্দীরুং রিয়াং

বয়স- ৪৮ বৎসর

উপরের ছবিটি রাধারাম বাড়ী বি.এম.সির শ্রীমতি নন্দীরুং রিয়াং এর বর্তমানে ওনার বয়স ৪৮ বৎসর ওনার স্বামীর নাম মৃত মুক্তরাম রিয়াং। ওনি বর্তমানে গঙ্গানগরে স্থায়ীভাবে বসবাস করছেন। আজ থেকে প্রায় ১৮ বৎসর পূর্বে শত্রুঘ্ন চৌধুরী পাড়ার জুম থেকে অপর কয়েকজন সঙ্গী সহ ধানকেটে ফেরার পথে একটি দাঁতাল হাতি ওনার পিঠের ধানের বোঝা শুড় দিয়ে নামিয়ে ওনাকে পিছন থেকে দাঁত দিয়ে আঘাত করে বহুদূরে মাটিতে ছুঁড়ে ফেলেন। হাতিটির ১টি দাঁত ছিল লম্বা অপরটি কিছু বেটে প্রচন্ড আঘাতের ফলে ওনার পিঠের দুই প্রান্তে ২ টি গভীর ফুটো হয়ে যায় সংগীয় লোকজন কিছু দূরে ছিল পরবর্তীতে ওনারা নন্দীরুং কে উদ্ধার করে প্রথমে কুলাই হাসপাতালে এবং পরবর্তীতে আগরতলা জি.বি. হাসপাতালে রেফার করে প্রায় ৩ মাস চিকিৎসার পর সুস্থ হয়ে বাড়ীতে ফিরে আসেন। বর্তমানে শারিরীক প্রতিবন্ধতা সৃষ্টি হয় স্বাভাবিক কাজ করতে পারেন না। অজ্ঞতার কারনে সরকারী সাহায্যের আবেদন করেন নাই তাই, কোর সাহায্যও পান নাই।

রাধারামবাড়ী বি.এ.সির হাতিদ্বারা আক্রান্ত অপর একজন মহিলা

ছবিতে একজন রিয়াং রমনীকে দেখানো হয়েছে ওনার নাম চন্দ্রসরী রিয়াং। স্বামীর নাম নরেন্দ্র রিয়াং। বর্তমানে উনি স্বামী পরিত্যক্তা। ওনার বয়স ৪৯ বৎসর । আজ থেকে আনুমানিক ২০ বৎসর পূর্বে হাম-ফাইলাহা চৌধুরী পাড়াতে ওনার নিকট আত্মীয়ের বাড়ীতে বেড়ানোর পর বাড়ী আসার পথে ওনার সাথে ছিল ২ জন পুরুষ ১জন ওনার মামা অপরজন ওনার দাদা আরও সাথে ছিল ওনার দিদি পার্বতী রিয়াং বয়সে ওনার থেকে ৪ বৎসরের বড়। হঠাৎ জঙ্গলে বিকট আওয়াজ শুনতে থাকেন ওনার সাথী ২জন পুরুষ মায়ুং বলে বড় গাছে উঠে পড়ে, উনি এবং পার্বতী ভয়ে কাঠ হয়ে রাস্তায় দাঁড়িয়ে পড়েন এবং ভয়ে কাঁপতে থাকেন কেননা ওনারা নিরুপায় হয়ে যান দেখে, এক বিশাল দাঁতাল হাতি যার একটা দাঁত বেশ বড় অপর দাঁত ভাঙ্গা কিছু ছোট এবং সামনে একটি সরু। ওনাদের সামনে এসে পথমে ওনাকে শুড়ে পেঁচিয়ে বহু দূরে ছুঁড়ে ফেলেন তখন ওনার জ্ঞান ছিল না। পার্বতী রিয়াংকে মাটিতে ফেলে বুকে চাপা দিলে পেটের নাড়িভূড়ি বেরিয়ে পড়ে এবং জায়গায় পার্বতীর মৃত্যু হয়। যাওয়ার পথে একটি মহিষকেও মেরে যায়। অতঃপর গাছের উপরের ব্যক্তি দ্বয়ের চিৎকার চেঁচামিতে গ্রামের লোক ছুটে আসেন এবং ওনাকে উদ্ধার করেন ওনার কোমর এবং কলারের হাঁড় ভেঙ্গে যায় দীর্ঘ ২ বৎসর শর্য্যশায়ী ছিলেন। স্থায়ীয় কবিরাজ জগৎ রাম এর চিকিৎসার ফলে সুস্থ হন। কিন্তু বর্তমানে কর্ম ক্ষমতা হারান।

৯ – জৈব বৈচিত্র্যের নথিকরনের কথা ও সরণী ঃ

আমাদের দেশের সর্বত্র জীব বৈচিত্র্যে সম্পদ আছে অঢেল। আমরা যে যে এলাকাতেই থাকিনা কেন সেই খানেই আছে এই সম্পদ। এই সম্পদ মানে গাছপালা, কীট পতঙ্গ, পশু পাখী প্রভৃতি।

বিশ্ব জুড়ে এই জীব বৈচিত্র্যে রক্ষার জন্য ১৮১ টা দেশ একটা সন্মেলনে করে ছিল ১৯৯২ সালে ব্রাজিলের রিও শহরে বসুন্ধরা সন্মেলন। সেখানেই ঠিক হয়েছিল যে একটা দেশের সব জৈব সম্পদ সেই দেশরই অধিকার থাকবে। কিন্তু ভারতে এই অধিকার ঠিক মতো থাকছে না দেশের বহু সম্পদ বিদেশীরা লুঠ করে নিচ্ছে। সরকার এটা আটকাতে পারছে না একে বৃহৎ দেশ পরিকাঠামোর অভাব। কিছু উন্নত দেশ বসুন্ধরা যোষনা পত্রকে মানতে চাইছেনা।

এটাকে আটকাতে হবে তার জন্য জৈব সম্পদকে চিনতে হবে, জানতে হবে, নথিকরন করতে হবে এবং রক্ষা করতে হবে। এক বার নথিকরন করলে সেটাকে পেটেন্ট করতে পারবে না অন্য দেশ। একে সামনে রেখে ভারতের জৈব বৈচিত্র্য পর্ষদ ২০১৩ সালে ২২ টা সারনি পেশ করেন এই সারনি গুলো যথাযথ ভাবে পূর্ণ করলে এলাকার প্রায় সব জৈব বৈচিত্র চিহ্নিত করন হয়ে যাবে।

এটি জনগনের জীব বৈচিত্র্যের রেজিষ্টারের একটি গুরুত্ব পূর্নঅধ্যায় ধলাই জেলার জৈববৈচিত্র্য নথিকরনে ২২টি সরনী এবং নির্দেশিকা গুলি স্থানীয় পরিস্থিতির বিবেচনায় যথাসাধ্য মেনে চলার চেষ্টা করা হয়েছে এই কাজে এলাকার সব অংশের মানুষ তথা অতিবয়স্ক ব্যক্তি জ্ঞানিলোকের সাক্ষাৎকার জৈব সম্পদের আলোক চিত্র, সংক্ষিপ্ত আলোচনা ভৌগলিক অবস্থান ইত্যাদি দিয়ে নথিকরন কাজটিকে গ্রহন যোগ্যতা ও বিশ্বস্ করে তোলার চেষ্ঠা করা হয়।

এখানে উল্লেখ্য যে যে প্রাকৃতিক সম্পদ পি. বি. আরে দেখানো হয়েছে আন্তর্জাতিক আইন মোতাবেক অন্য কোন দেশ এদের পেটেন্ট পাওয়ার সুযোগ থাকবে না।

Part II
PBR- Format
AGROBIODIVERSITY

ফরমেট ১ ঃ- শস্যের গাছ

সশ্য	বৈজ্ঞানিক নাম	স্থানীয় নাম	জায়গার ধরন	জায়গার পরিমান	উৎপাদন		চিহ্নিত করন	ঋতুর নাম	ব্যবহার	ঔষধীয় ব্যবহার	অন্য কিছু	বীজ/চারা গাছের উৎস	জাতি/ জ্ঞানীলোক
					অতীত	বর্তমান							
১	২	৩	৪	৫	৬		৭	৮	৯	১০	১১	১২	১৩
ধান	*Oryza sativa L.*	গারু	সমতল/ লুঙ্গা		প্রচুর	কম	মাঝারি চিকন	হেমন্তকাল	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	তিলত্তমা	সমতল/ লুঙ্গা		প্রচুর	কম	মাঝারি চিকন	হেমন্তকাল	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	রঞ্জিত	সমতল/ লুঙ্গা		কম	প্রচুর	মাঝারি চিকন	হেমন্তকাল	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	কলিঙ্গ	সমতল জলাভূমি		প্রচুর	কম	লম্বা সরু	হেমন্ত					স্থানীয়
ধান	*Oryza sativa L.*	বিকাশ	সমতল জলাভূমি		প্রচুর	কম	ছোট সরু	হেমন্ত					স্থানীয়
ধান	*Oryza sativa L.*	এাসুরী	সমতল জলাভূমি		কম	প্রচুর	লম্বা সরু	হেমন্ত					স্থানীয়
ধান	*Oryza sativa L.*	রত্না	সমতল জলাভূমি		প্রচুর	কম	বেটে, মোটা	হেমন্ত					স্থানীয়
ধান	*Oryza sativa L.*	অন্নদা	সমতল জলাভূমি		কম	প্রচুর	বেটে, মোটা	হেমন্ত					স্থানীয়
ধান	*Oryza sativa L.*	তুলসী	সমতল জলাভূমি		কম	কম	মাঝারী, সরু	হেমন্ত					স্থানীয়
ধান	*Oryza sativa L.*	শ্রাবনী	সমতল জলাভূমি		কম	প্রচুর	মাঝারী সরু	হেমন্ত					স্থানীয়

ধান	*Oryza sativa L.*	পংকজ	সমতল জলাভূমি		কম	প্রচুর	বেটে মোটা	হেমন্					স্থানীয়
ধান	*Oryza sativa L.*	শষ্যশ্রী	সমতল জলাভূমি		কম	কম	মাঝারী সরু	হেমন্					স্থানীয়
ধান	*Oryza sativa L.*	বেতি,	টিলা		প্রচুর	প্রচুর	মাঝারি চিকন	গ্রীষ্ম/ বর্ষা	ভাত,পিঠা, দেশী মদ			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	ডিলং	টিলা		প্রচুর	কম	মাঝারি চিকন	গ্রীষ্ম/ বর্ষা	ভাত, পিঠা, দেশী মদ			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	গারে া মালতী	টিলা		প্রচুর	কম	গোল সরু	গ্রীষ্ম/ বর্ষা	ভাত পিঠা, দেশী মদ			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	রংমালতী	টিলা		প্রচুর	কম	চিকন সরু	গ্রীষ্ম/ বর্ষা	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	গারো ককে	টিলা		প্রচুর	কম	মাঝারি সরু	গ্রীষ্ম/ বর্ষা	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	জয়া	সমতল/ লুঙ্গা		প্রচুর	প্রচুর	মাঝারি চিকন	হেমন্কাল	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	গোদামা	সমতল/ লুঙ্গা		প্রচুর	কম	মোটা সাদা	হেমন্কাল	ভাত			বীজ	স্থানীয়
আন ধান	*Or Oryza sativa*	মাইমি কসম	সমতল		প্রচুর	কম	মাঝারী	হেমন্কাল	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	নবীন	সমতল/ লুঙ্গা		প্রচুর	প্রচুর	মাঝারি চিকন	হেমন্কাল	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*		সমতল /লুঙ্গা		প্রচুর	প্রচুর	ছোট গোল	হেমন্কাল	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*		সমতল/ লুঙ্গা		প্রচুর	কম	ছোট গোল	হেমন্কাল	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	পাইজাম	সমতল /লুঙ্গা		প্রচুর	কম	লাল	হেমন্কাল	মুড়ি			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	জয়া	সমতল /লুঙ্গা		কম	প্রচুর	ছোট গোল	হেমন্কাল	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	পূজা	সমতল		কম	কম	ছোট গোল	হেমন্কাল	ভাত			বীজ	স্থানীয়

			/লুঙ্গা										
ধান	*Oryza sativa L.*	স্বর্নমাসুরী	সমতল/ লুঙ্গা		কম	প্রচুর	মাঝারি চিকন	গ্রীষ্ম/হেমন্	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	কাঞ্চলী	টিলা		প্রচুর	কম	লম্বা সরু	গ্রীষ্ম/ বর্ষা	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	রেনলিং	টিলা		প্রচুর	কম	বেটে সরু	গ্রীষ্ম/ বর্ষা	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	মাখু মাই	টিলা		প্রচুর	কম	লম্বা মোটা	গ্রীষ্ম/ বর্ষা	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	মাইমি ওয়ালোক	টিলা		প্রচুর	কম	মাঝারি সরু	গ্রীষ্ম/ বর্ষা	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	কাইনচলি	টিলা		প্রচুর	কম	লাল	গ্রীষ্ম/ বর্ষা	মুড়ি			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	কপৌহ	টিলা		প্রচুর	কম	মাঝারি চিকন	গ্রীষ্ম/ বর্ষা	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	চিনাল	টিলা		প্রচুর	কম	মাঝারি চিকন	গ্রীষ্ম/ বর্ষা	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	মাইক্লাইহ	টিলা		প্রচুর	কম	মাঝারি চিকন	গ্রীষ্ম/ বর্ষা	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	মাইমি	টিলা		প্রচুর	কম	মোটা সাদা	গ্রীষ্ম/ বর্ষা	ভাত			বীজ	স্থানীয়
ধান	*Oryza sativa L.*	গেলং	টিলা		প্রচুর	কম	মাঝারি সরু	গ্রীষ্ম/ বর্ষা	ভাত			বীজ	
ধান	*Oryza sativa L.*	মাইমিঅ্যালন দা	টিলা		প্রচুর	কম	মাঝারি সরু	গ্রীষ্ম/ বর্ষা					স্থানীয়
ধান	*Oryza sativa L.*	মামি হাঙ্গার	টিলা		প্রচুর		লম্বা সরু	গ্রীষ্ম/ বর্ষা					স্থানীয়
ধান	*Oryza sativa L.*	লিকাজোক	টিলা		কম		বেটে সরু	গ্রীষ্ম/ বর্ষা					স্থানীয়
ধান	*Oryza sativa L.*	মাইগুড়ি	টিলা		প্রচুর		ছোট সরু	গ্রীষ্ম/ বর্ষা					স্থানীয়
ধান	*Oryza sativa L.*	সরং	টিলা		কম		মাঝারী লম্বা সরু	গ্রীষ্ম/ বর্ষা					স্থানীয়
ধান	*Oryza sativa L.*	মাইবরাক	টিলা		প্রচুর		লম্বা মোটা	গ্রীষ্ম/ বর্ষা					স্থানীয়
ধান	*Oryza sativa L.*	মাদিয়া	টিলা		প্রচুর	কম	মাঝারী	গ্রীষ্ম/ বর্ষা	ভাত			বীজ	স্থানীয়

							সরু/খয়ারী						
ধান	*Oryza sativa L.*	মাইব্রি	টিলা		প্রচুর	কম	মাঝারি চিকন	গ্রীষ্ম/ বর্ষা	ভাত			বীজ	স্থানীয়
বেগুন	*Solanum melongena L.*	বেগুন	সমতল/ ডালু		প্রচুর	কম	কালো ,সাদা সবুজ, বিভিন্ন আকারের	সারা বছর	তরকারীতে	কাশি, হাঁপানী		বীজ	স্থানীয়
ঢেড়স	*Hibiscus esculentus L.*	ঢেড়স	সমতল		প্রচুর	কম	লম্বা শুয়া যুক্ত	সারা বছর	তরকারীতে	পাথরা প্রমশক পশমক		বীজ	স্থানীয়
পটল	*Tirchosanthes dioica*	পটল	সমতল		প্রচুর	কম	সবুজ খসখসে	শীত ও গ্রষ্মকাল	তরকারীতে	টনিক ও জ্বরে		বীজ	বিদেশী
গাজর	*Daucus carota*	গাজর	সমতল		প্রচুর	কম	লাল মুলার মত	শীতকালে	তরকারী ও সেলেট	মূত্রশয়ের রোগ, গর্ভবেদনা ও স্নায়বিক দূর্বল		বীজ	বিদেশী
কলমি	*Ipomea aquatica*	কলমি	জলাশয়ে		প্রচুর	কম	লতানো গাছ	সারা বছর	শাক	স্নায়বিক		লাতা	স্থানীয়
ব্রাহ্মী	*Bacopa monnieri*	ব্রাহ্মী	ভিজে জায়গায়		প্রচুর	কম	লতানো গাছ	সারা বছর	শাক	স্নায়বিক ও স্বরভঙ্গ		লতা	স্থানীয়
অড়হর	*Cajanus cajan*	অড়হর	সমতল টিলা		প্রচুর	প্রচুর	বড় গুল্ম	বীজ ও পাতা	ডাল	জন্ডিজ		বীজ	স্থানীয়
শশিন্দা	*Trichosanthes anguina*	শশিন্দা / চিচিঙা	সমতল		প্রচুর	কম	লম্বা/সবুজ সাদা দাগ	গ্রীষ্মকাল	তরকারীতে	শক্তিদায়ক		বীজ	স্থানীয়
আদা	*Zingiber officinale Roscoe.*	আদা	সমতল / টিলা		প্রচুর	প্রচুর	কন্দ	গ্রীষ্মকাল	মশলা হিসাবে	হজম বৃদ্ধি		কান্ড	স্থানীয়
ঝিঙ্গা	*Luffa acutangula (L.) Roxb.*	ঝিঙ্গা	সমতল		প্রচুর	প্রচুর	সবুজ শিরা যুক্ত	গ্রীষ্মকাল	তরকারীতে	হজমদায়ক		বীজ	স্থানীয়
পুই শাক	*Basella alba L.*	পুই শাক	সমতল/ লুঙ্গা		প্রচুর	কম	সবুজ ও লাল গোল ভারী পাতা	বর্ষাকাল	তরকারীতে	মূত্রকারক		বীজ	স্থানীয়

মূলা	*Raphanus sativum L.*	মূলা	সমতল		প্রচুর	প্রচুর	সাদা / লাল	শীতকাল	তরকারীতে	মূখরোচক		বীজ	স্থানীয়
চাল কুমড়া	*Benincasa hispida*	চাল কুমড়া	ঢালু/ সমতল		প্রচুর	প্রচুর	সবুজ নলকৃতি	বর্ষাকাল	তরকারীতে	মধূমেহ রোগ		বীজ	স্থানীয়
টমেটো	*Lycopersicon esculentum Mill.*	টমেটু	সমতল		প্রচুর	কম	লাল গোলাকার	গ্রীস্মকাল	তরকারীতে	প্রতিরোধক ক্ষমতা বৃদ্ধি		বীজ	স্থানীয়
ধুন্দুল	*Luffa cylindrica*	ধুন্দুল	সমতল / টিলা		প্রচুর	প্রচুর	সবুজ নলাকৃতি	গ্রীস্মকাল	তরকারীতে	বমনকারক		বীজ	স্থানীয়
দেশী শিম	*Dolichos lablab (L) Sweet.*	দেশী শিম / ছই	সমতল / টি ।লা		প্রচুর	প্রচুর	সবুজ চেপ্টা	শীতকাল	তরকারীতে	ব্যথা নিরাময়		বীজ	স্থানীয়
বরবটি	*Vigna sinensis L.*	বরবটি	সমতল/টিলা		প্রচুর	কম	সবুজ / লাল,লম্বা	গ্রীস্মকাল	তরকারীতে			বীজ	স্থানীয়
আলু	*Solanum tuberosum L.*	আলু	সমতল		প্রচুর	কম	সাদা গোল	শীতকাল	তরকারীতে	বলকারক		বীজ	স্থানীয়
কলই	*Phaseolus vulgaris L.*	কলই	সমতল / ঢলূ		প্রচুর	কম	ছোট কালো দানা	গ্রীস্মকাল	তরকারীতে	মূত্রবর্ধক		বীজ	স্থানীয়
তরই	*Luffa acutangula (L.) Roxb.*	তরই	টিলা/ সমতল		প্রচুর	প্রচুর	সবুজ নলকৃতি	বর্ষাকাল	তরকারীতে			বীজ	স্থানীয়
করলা	*Monordica charantia*	করলা	সমতল / টিলা		প্রচুর	কম	গোল কাটাযুক্ত	গ্রীস্মকাল	তরকারীতে	ক্রিমিনাশক		বীজ	স্থানীয়
হলুদ	*Curcuma longa L.*	হলুদ	সমতল		প্রচুর	কম	কন্দ	গ্রীস্মকাল	তরকারীতে	রক্ত পরিস্কার		কান্ড	স্থানীয়
মটর	*Pisum sativum*	মটর	সমতল		প্রচুর	কম	বীজ	গ্রীস্মকাল	তরকারীতে	শর্করা		কান্ড	স্থানীয়
সরিষা	*Brassica juncea L.*	সরিষা	সমতল		প্রচুর	কম	ছোট দানা	গ্রীস্মকাল	তরকারীতে	মূত্রবর্ধক		বীজ	স্থানীয়
কচু	*Colocasia Spp.*	কচু	সমতল		প্রচুর	কম	লম্বা সবুজ/লাল ডগা	বর্ষাকাল	তরকারীতে	বেদনা নাশক		মূল	স্থানীয়
কাকরোল	*Momordica cochinchinensis*	কাকরল	সমতল/ টিলা		প্রচুর	কম	সবুজ খসখসে	গ্রীস্মকাল	তরকারীতে	অশ্ব, কুষ্ঠ		বীজ	স্থানীয়

	(Lour.) Spreng.												
আনাজী কলা	*Musa paradisiaca L.*	আনাজী কলা	ঢালু/ সমতল		প্রচুর	কম	সবুজ লম্বা	সারা বছর	তরকারীতে	পেটের রোগ		চারা	স্থানীয়
শশা	*Cucumis sativus L.*	শসা	সমতল		প্রচুর	কম	সবুজ নলাকৃতি	সারা বছর	তরকারীতে	হজমদায়ক		বীজ	স্থানীয়
লাউ	*Lagenaria siceraria (Molina) Standl.*	লাউ	ঢালু/ সমতল		প্রচুর	কম	লম্বা ও গোলাকৃতি সবুজ রঙের	শীতকাল	তরকারীতে	সহজপাচ্য		বীজ	স্থানীয়
কুকি তেতই	*Parkia javanica*	কুকি তেতই	টিলা		প্রচুর	কম	বড় গাছ	বীজ	সবজী				স্থানীয়
জঙ্গলী কাকরোল	*Momordica dioica*	জঙ্গলী কাকরোল	টিলা		প্রচুর	কম	লতানো গাছ	মূল/ বিজ	সবজী				স্থানীয়
গম	*Triticum aestivum*	গম	সমতল		প্রচর	কম	ঘাস জাতিয়	বীজ	আটা	পুষ্টিকর		বীজ	বিদেশী
বকফুল	*Sesbania grandiflora*	বকফুল	টিলা / সমতল		প্রচুর	কম	মাঝারি বৃক্ষ	বীজ	সবজী	বেদনাশক, জ্বরে উপকারী		বীজ, ডালা	স্থানীয়

ফরমেট ২ ঃ- খাদ্য শাক সবজি

গাছ	বৈজ্ঞানিক নাম	স্থানীয় নাম	জায়গার ধরন	উৎপাদন অবস্থা		বীজ/চারা গাছের উৎস	ঔষধীয় ব্যবহার	ব্যবহারের অংশ	অন্য ব্যবহার	জাতি/জ্ঞানীলোক	ব্লকের নাম
				অতীত	বর্তমান						
১	২	৩	৪	৫		৬	৭	৮	৯	১০	
কলা	*Musa poradisica*	কলা	চারা ভূমি, বাড়ীর আশপাশ	প্রচুর	প্রচুর	গাছের অংশ	কলেরা	ফুল, কান্ড	সবজী	স্থানীয়	সর্বত্র
কাঁটাকচু	*Cassia spinosa*	কাঁটা কচু	জলা, সেতসেতে	প্রচুর	কম	কান্ড	ক্রিমি, অশ্ব রোগে	পাতা, কান্ড	সবজী	স্থানীয়	সর্বত্র
রসুন	*Allimum sativum*	রসুন	চারাভূমি	কম	প্রচুর	কান্ড	চর্মরোগ, বাত রোগ	কান্ড	সবজী সহযোগী	স্থানীয়	সর্বত্র

পেয়াজ	*Allium cepa*	পেঁয়াজ	চারাভূমি	কম	প্রচুর	কান্ড	শোত, সর্দ্দি, জ্বর	কান্ড	সবজী সহযোগী	স্থানীয়	সর্বত্র
গন্ধভাদালী	*Paederia foetida L.*	গন্ধভাদালী	ঢালু/টিলা	প্রচুর	কম	গাছের অংশ	জ্বর, বাত	পাতা	সবজী	স্থানীয়	সর্বত্র
পুননবা	*Boerhavia diffusa (L.) nom. cons*	পুনরনবা	সমতল/বাড়ীর আশপাশ	প্রচুর	কম	গাছের অংশ	মূত্রবর্ধক	পাতা		স্থানীয়	সর্বত্র
জল কচু	*Colocasia spp. Schott.*	জল কচু	সেচসেচে	প্রচুর	কম	কন্দ	কফ, রক্তদূষণ দূর করে	ডোগা	সবজী	স্থানীয়	সর্বত্র
